গাংনী উপজেলা আ.লীগের নব-নির্বাচিত সভাপতি ও সাধারন সম্পাদককে ফুলেল শুভেচ্ছা প্রদান

গাংনী উপজেলা আওয়ামী লীগের নব-নির্বাচিত সভাপতি মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন ও সাধারন সম্পাদক মকলেছুর রহমান মুকুল কে ফুলেল শুভেচ্ছা জানিয়েছে কুতুবপুর স্কুল এন্ড কলেজের সকল শিক্ষকবৃন্দ।

সোমবার দুপুরে নব-নির্বাচিত সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন এম পি কে তার নিজ বাসভবনে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যাক্ষ হাফিজুল ইসলাম, সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন শাখার কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান রেজা সহ আরো সকল শিক্ষক বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় কৃষক নিহত

মেহেরপুরের গাংনীতে সড়ক দুর্ঘটনায় মোস্তফা কামাল(৪০) নামের এক কৃষক নিহত হয়েছে। রবিবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে উপজেলার বামন্দি বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোস্তফা কামাল গাংনী উপজেলার করমদি গ্রামের গোসাঁইডুবি পাড়া মৃত আজিম উদ্দিনের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, কৃষক মোস্তফা কামাল শ্যালো মেশিনের পাইপ কেনার জন্য বাড়ি থেকে মোটরসাইকেল যোগে বামন্দীর যাওয়ার পথে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে

মারাত্মক আহত হন।

স্থানীয়রা তাকে উদ্ধার করে আল শেফা ক্লিনিকে ও পরে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার পথে ছাতিয়ান নামক স্থানে তার মৃত্যু হয়।

এদিকে ঘাতক ট্রাকটিকে আটক করেছে স্থানীয় বামন্দি ক্যাম্প পুলিশ। তবে চালক পালিয়ে যায়। গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সড়ক দুর্ঘটনায় একজন নিহত খবর পেয়েছি। পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

গাংনী উপজেলা আ.লীগের নতুন সভাপতি এমপি খোকন, সাধারণ সম্পাদক মুকুল

মেহেরপুরের গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রি বার্ষিক কাউন্সিলে দ্বিতীয়বারের মত সভাপতি নির্বাচিত হয়েছেন মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। এছাড়া সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন মকলেছুর রহমান মুকুল।

রোববার সন্ধ্যার পর গাংনী হাইস্কুল মাঠে কেন্দ্রীয় নেতা বিএম মোজাম্মেল হক, বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য পারভীন জামান কল্পনা, গ্লোরিয়া সরকার ঝর্ণা এমপি, মেহেরপুর-১ আসনের জাতীয় সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের উপস্থিতিতে কাউন্সিল অনুষ্ঠিত হয়।

কাউন্সিলে মোট ২২ টি ভোটের মধ্যে সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন ও সাধারণ সম্পাদক মকলেছুর রহমান মুকুল ২২ ভোটই পান। তার অপর প্রতিদ্বন্দ্বীরা শুন্য হাতেই ফিরেছেন বাড়িতে।

উল্লেখ্য, গাংনী উপজেলা ত্রিবার্ষিক কাউন্সিলে সভাপতি পদে ৬ জন ও সাধারণ সম্পাদক পদে ১৬ জন প্র্রার্থী প্রতিদ্বন্দন্বীতা করেন।

খুনি জিয়াউর রহমান গণতন্ত্রণকে ছিনতাই করেছিল–বিএম মোজাম্মেল হক

বাংলাদেশ আওয়ামী লীগের খুলনা বিভাগীয় সম্পাদক বিএম মোজাম্মেল হক বলেছেন, বিদেশী শাষকরা বাংলাকে বার বার শাসন ও লুন্ঠন করেছে। বৃটিশ ও তাদের পূর্বের বিদেশীদের শাসন ও শোষণের যাতাকলে বাঙালিরা নির্যাতিত হয়েছে।

এখানকার মানুষের সুখ, নিরাপত্তা বিঘ্নিত করেছিলো। এখানকার মানুষের গোলা ভরা ধান থাকতো। গোয়াল ভরা গরু থাকতো। নিরাপদে সুন্দর জীবন যাপন করতো। এই সব আমাদের পূর্বশুরিরা তাদের সেই গৌরব গাঁথাকে হারিয়ে ফেলেছিল। এই বাঙালি জাতীকে নি:স্ব করে ফেলেছিল। এখানকার মানুষ প্রতিনিয়ত দারিদ্রতা অনাহারের বিরুদ্ধে লড়াই করেছিল এই বাংলা এবং বাংলার সন্তানরা।

তাই শেখ মুজিব অঙ্গীকার করেছিল এই বাংলাকে মুক্ত করে আমাদের ভাগ্যকে প্রতিষ্ঠিত করবো। সেই স্বপ্নকে ধারণ করে বঙ্গবন্ধু লড়াই ও সংগ্রাম করেছেন। বারবার কারাবরণ করেছেন। জাতীকে ঐক্যবদ্ধ করেছিলেন।

গাংনী উপজেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক কাউন্সিল উপলক্ষে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ মাঠে আয়োজিত বিশাল সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ আওয়ামী লীগের খুলনা বিভাগীয় সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক এসব কথা বলেন।

গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বিশাল সমাবেশে প্রধান উদ্বোধক ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন দোদুল এমপি।
বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির নির্বাহী সদস্য পারভীন জামান কল্পনা, গ্লোরিয়া সরকার ঝর্ণা এমপি।

এছাড়া বক্তব্য রাখেন মেহেরপুর-১ আসনের সাবেক এমপি জয়নাল আবেদীন ও প্রফেসর আব্দুল মান্নান, মেহেরপুর-২ গাংনী আসনের সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, গাংনী পৌর আওয়ামী লীগের সম্পাদক আনারুল ইসলাম বাবু।

প্রধান অতিথির বক্তব্যে বিএম মোজাম্মেল হক আরো বলেন, তুমি কে আমি কে বাঙালি বাঙালি, তোমার আমার ঠিকানা পদ্মা মেঘনা যমুনা। এই ম্লোগানে ঐক্যবদ্ধ করে বঙ্গবন্ধু ১৯৭০ এর নির্বাচনে এই বাংলাদেশের মানুষ বঙ্গবন্ধুর মনোনিত প্রার্থীদের ভোট দিয়ে নিরুঙ্কুশ সংখ্যাগোরিষ্ঠতা দিয়েছিলেন।

অবশেষে বঙ্গবন্ধু স্বপ্ন দেখেছিলেন বাংলাদেশ একটি স্বাধীন সার্বভোম বাংলাদেশ হবে। যে বাংলাদেশ বাঙালিরা আত্মনিয়ন্ত্রণ করবে এবং সুখি সমৃদ্ধ বাংলাদেশ হবে। ত্রিশ লক্ষ শহীদ ও দুই লক্ষ মা বোনের ইজ্জতের বিনিময় আমরা স্বাধীনতা পেয়েছি। এদেশের কৃষক শ্রমিক ক্ষেত মজুর, জেলে, তাঁতী, হিন্দু, মুসলমান, বৈদ্ধ, খ্রীষ্টান ঐক্যবদ্ধ হয়ে খালি হাতে বাশের লাঠি নিয়ে রক্ত দিলো।

লক্ষ ছিল আমরা পেট পুরে ভাত খাবো, আমাদের পরনে কাপড় থাকবে, নিজেদের একটি বাসস্থান থাকবে। আমাদের ছেলে মেয়েরা লেখাপড়া শিখবে। সে লক্ষ নিয়ে আমাদের পুর্বশুরিরা লড়াই করেছেন যুদ্ধ করে মৃত্যুর মুখোমুখি হয়েছেন। বঙ্গবন্ধু নির্দেশ দিয়েছেন আমি যদি হুকুম দেবার না পারি, তোমাদের যার যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবেলা করবে।

২৫ মার্চের দিবাগত রাতের ২৬ মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বললেন এটিই আমার শেষ ম্যাসেজ। শত্রুর শেষ সৈন্যটি নিশ্চিহৃ না করা পর্যন্ত তোমরা যুদ্ধ চালিয়ে যাবে। এই আহবানে সমগ্র জাতি মুক্তযুদ্ধে ঝাপিয়ে পড়লো। লড়াই সংগ্রাম করে স্বাধীনতা ছিনিয়ে আনলো। বাংলাদেশের মানুষের র্অর্থনৈতিক মুক্তি, রাজনৈতিক মুক্তি, সামজিক মুক্তি।

সেই মুক্তির লক্ষে যখন কাজ করলেন তখন ৭৫ এর ১৫ আগষ্ট একাত্তরের পরাজিত শক্তি যারা আমাদের মুক্তিযুদ্ধের বিরোধীতা করেছিল, আল বদর, আল সামস, যারা পাকিস্থানী হানাদারদের সহযোগীতা করেছিল তাদের দোষররা বঙ্গবন্ধুকে হত্যা করলো। এদিকে নব্য পাকিস্থানী দালাল খুনি মুস্তাক ও খুনি জিয়ার উত্থ্যান হলো।

পাকিস্থানের কবর রচনার মধ্য দিয়ে বাংলাদেশের সৃষ্টি হয়েছিল।

বাংলাদেশের মুল নীতি সমাজতন্ত্র, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা, জাতীয়তাবাদ, সেই বাংলাদেশ একটি শোষনমুক্ত বাংলাদেশ খুনি জিয়া ক্ষমতায় আসার পর সেগুলো পদদলিত করে জাতীয়তাবাদকে বিকৃত করা হলো। মুক্তিযুদ্ধের চেতনা ও মুল্যবোধ সেটিকে বিলুপ্ত করা হয়। গণতন্ত্রকে ছিনতাই করা হলো। খুনি জিয়াউর রহমান গণতন্ত্রণকে ছিনতাই করেছিল।

উর্দি পরে একদিকে জেনারেল, সেনাবাহিনীর প্রধান অন্যদিকে রাষ্ট্রপতি। ১৯৭৯ সালের মে মাসে না এর বাকস উপুড় করে হা বাকস চিৎ করে রেখে ভোট দিয়ে গণতন্ত্রের কবর রচনা করলেন জিয়াউর রহমান। ধর্মনিরপেক্ষতা কবর রচনা করে একটি সাম্প্রদায়িক রাষ্ট্র বানালেন জিয়াউর রহমান।

বঙ্গবন্ধুর হত্যা ও জাতীয় নেতা হত্যার বিচার করা যাবেনা সেটিকে আইনে পরিণত করে ইন্ডিমেনিটি অধ্যাদেশ চালু করেছিল। সেই থেকে মানবাধিকার হরণ শুরু হয়েছে। আজকে যখন বঙ্গবন্ধুর অবর্তমানে তার কন্যা শেখ হাসিনা দেশকে নেতৃত্ব দিয়ে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছে। সারা বাংলাদেশে পরিবর্তন এনেছেন।

রাস্তা-ঘাট, পুল ব্রীজ, স্কুল কলেজ, স্বাস্থ্য ব্যবস্থাসহ বড় বড় মেগা প্রকল্প নিয়ে যখন দেশকে উন্নয়ন করছেন। বাংলাদেশ যখন সারা দুনিয়ায় মাথা উঁচু করে দাড়িয়েছে। সামাজিক নিরাপত্তা বিধান করার জন্য শেখ হাসিনা দরিদ্র জনগোষ্ঠির জন্য বিভিন্ন ভাতা ও সুযোগ সুবিধার ব্যবস্থা করছেন।

আবার ষড়যন্ত্র করছেন ওই খুনি জিয়াউর রহমানের প্রেতাত্মা বিএনপি স্বাধীনতা বিরোধী শক্তি আজকে ষড়যন্ত্র করছে শেখ হাসিনার বিরুদ্ধে। ক্ষুধা, দারিদ্র, সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার লড়াইকে স্থব্ধ করতে ওরা আজকে মিথ্যাচার করছে। মির্জা ফকরুল ইসলাম আলমগীর আাজকে মিথ্যাচার করছে। তারা আজকে উন্নয়নকে থমকে দিতে জাতীকে বিভ্রান্ত করছে।

গাংনীতে আওয়ামীলীগের কাউন্সিল সমাবেশে দুটি পক্ষের সংঘর্ষে ৫ জন আহত

গাংনী উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিলের সমাবেশস্থলে দুপক্ষের নেতা কর্মীলাদের মাঝে ব্যাপক সংঘর্ষ হয়েছে।
কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমাবেশস্থলে পৌছানোর আগে এ সংঘর্ষের ঘটনা ঘটে। এতে প্রায় ৫ জন আহত হয়েছেন।
আহতদের মধ্যে মহিবুল ইসলাম(৪৫)নামের সাবেক এক সেনা সদস্য মারাত্বক আহত হয়ে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্রে ভর্তি হয়েছেন। এসময় সমাবেশস্থলে ব্যাপক চেয়ার ভাঙচুরের ঘটনা ঘটে।
অঅজ রোববার (১০এপ্রিল) বেলা তিনটার সময় গাংনী হাইস্কুল মাঠে গাংনী উপজেলা আওয়ামীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল উপলক্ষে আয়োজিত সমাবেশে এ সংঘর্ষের ঘটনা ঘটে।
একটি সূত্র মতে জানা গেছে, কাউন্সিলের সভাপতি প্রার্থী ডাক্তার নাজমুল হক সাগর কিছু কর্মী সমর্থক সাথে নিয়ে মঞ্চের সামনে এসেই হট্টগন্ডগোল শুরু করেন। এক সময় তার কয়েক জন কর্মী বর্তমান সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকনকে উদ্যেশ্য করে নানাভাবে কটুক্তি ও গালিগালাজ করে। এসময় সংসদ সদস্যের কর্মী সমর্থকরা প্রতিবাদ করেন। এতে উভয়পক্ষের মধ্যে হাতাহাতি শুরু হয়। এসময় উচ্ছৃংখল কর্মী সমর্থকরা মঝ্চের সামনে থাকা প্রায় অর্ধ শত চেয়ার ভাঙচুর করেন। পরে গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাকসহ পুলিশের একটি টীম ঘটনাস্থল তাদের নিয়ন্ত্রণে নেন।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, কেন্দ্রীয় নেতৃবৃন্দ সমাবেশস্থলে আসার আগেই স্থানীয় দুটি পক্ষের নেতা কর্মীরা সংঘর্ষে লিপ্ত হন। পুলিশ ঘটনাস্থলে এসে উভয়পক্ষকে শান্ত করেন। পরে আবারো সমাবেশ শুরু হয়।
এব্যাপারে আওয়ামীলীগের নেতাকর্মীরা জানান, ডাক্তার নাজমুল হক সাগর সমাবেশ স্থলে এসেই তার উচ্ছৃংখল লোকজন দিয়ে একটা অস্থিতিশীল পরিবেশ তৈরী করেন। তিনি তো গাংনীর রাজনীতির সাথে কখনো ছিলেন না। হঠাৎ সভাপতির পদ নেওয়ার জন্য এত উঠে পড়ে লেগেছেন উনি। মানুষের সাথে ঠিকমত না মিসেই এভাবে আওয়ামীলীগের মত একটা বৃহৎ রাজনৈতিক দলের পদ পাবেন এটা ভাবতেই তো অবিশ্বাস্য মনে হচ্ছে। আজকে উনি লোকজন দিয়ে যে পরিস্থিতি তৈরী করেছেন এতে করে

তো আগামী দিনে একটা বাজে পরিস্থিতি তৈরী করবেন উনি।
এব্যাপারে নাজমুল হক সাগরের সাথে কথা বলার চেষ্টা করা হলে উনি কাউন্সিল অধিবেশনে থাকায় কথা বলা সম্ভব হয়নি।
এব্যাপারে গাংনী উপজেলা আওয়ামীলীগের সভিাপতি ও মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন বলেছেন, আওয়ামীলীগ একটি বৃহৎ রাজনৈতিক দল। এখানে পদপদবীর জন্য চেষ্টা সবাই করতে পারেন।কিন্তু জনগণের পাশে না থাকলে তাদের মেনে নেবে কেনো। সভাচলাকালিন সময়ে সভাপতি প্রত্যাশী একজন প্রার্থী তার কিছু কর্মী সমর্থক নিয়ে সমাবেশ স্থলে এসেই অপ্রিতিকর পরিস্থিতি তৈরী করলেন।তার কিছু উচ্ছৃংখল লোকজন দিয়ে সমাবেশ বাঞ্চালের চেষ্টা করেছেন। এতে ক্ষিপ্ত হয়ে আওয়ামীলীগের তৃণমুল থেকে আসা লোকজন তাদের নিবৃত্ত করেছেন। আজকের কাউন্সিল অধিবেশন সমাবেশে গাংনী থানা পাড়া এলাকার মহিবুল ইসলাম নামের সাবেক একজন সেনা সদস্য একটি উচ্ছৃংখল পরিবেশ তৈরী করলে স্থানীয় নেতা কর্মী তাকে প্রতিহত করেছে শুনেছি।

মুজিবনগরে আমেরিকান কালো শকুন সহ ৩ জন পাচারকারী আটক

মেহেরপুরের মুজিবনগরে ৪ টি আমেরিকান কালো শকুন (ব্লাক ভালচার) সহ ৩ জন পাচারকারীকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গত শনিবার বিকাল সাড়ে পাঁচটার দিকে মেহেরপুরের মুজিবনগর উপজেলার রতনপুর পুলিশ ক্যাম্পের সামনে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

গোপন সূত্রে খবর পেয়ে মেহেরপুর ডিবি পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলমের নেতৃত্বে, এসআই অজয় কুমার কুন্ডু, সুলতান মাহমুদ সহ সঙ্গীয় ফোর্স নিয়ে এ অভিযান পরিচালিত হয়। এসময় আমেরিকান কালো শকুন (ব্লাক ভালচার) সহ ৩ জন পাচারকারীকে আটক করা হয়।

আসামিরা হলেন, মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের লিয়াজ মল্লিকের ছেলে জাকের আলী,মুনসুর আলী ছেলে আজগর আলী এবং গোপালনগর গ্রামের

আলাই মণ্ডলের ছেলে মুজিবুর রহমান।

মেহেরপুর ডিবি পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলম বলেন, তারা দীর্ঘদিন ধরে এসব বিদেশি পাখি ইন্ডিয়ায় পাচার করে আসছে। এরি ধারাবাহিকতায় শনিবার বিকেলে ৪টি আমেরিকান ব্লাক ভালচার ইন্ডিয়ায় পাচার করার উদ্দেশ্যে রওনা দিয়েছিল গোপন সংবাদের ভিত্তিতে তাদের আটক করেছি।

তিনি আরো বলেন, ৪টি পাখির বাজার মূল্য প্রায় ২ লক্ষ টাকা। কালো শকুন ইংরেজি নাম ব্লাক ভালচার এরা আমেরিকার কালো শকুন নামেও পরিচিত।

রবিবার মধ্যরাতে সেখানে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের নেতৃত্ব ভ্রাম্যমাণ আদালত বসানো হয়। ভ্রাম্যমাণ আদালত থেকে জানা গেছে, বন্যপ্রাণী সংরক্ষণ ও নিরাপত্তা আইন ২০১২ এর ৩৪ এর ধারায় ৩ জনকে ১ বছর বিনাশ্রম কারাদণ্ড দেয়া হয়।

রবিবার সকালে মুজিবনগর উপজেলা পরিষদের মাঠ থেকে আমেরিকান কালো শকুন গুলোকে অবমুক্ত করা হয়। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগরের ওসি মোঃ মেহেদী রাসেল, এসআই অজয় কুমার কুন্ডু প্রমুখ উপস্থিত ছিলেন।

গাংনীতে পুলিশের দেওয়া ঘর পেলেন সখিনা খাতুন

“এখন পাকা ঘরে শুঁয়ে নিশ্চিন্তে ঘুমাবো, এটা ভাবতেই আমি আনন্দে আত্মহারা হয়ে যাচ্ছি। রোদ বৃষ্টি আর ঝড় ঝান্ডায় কতদিন আতংকে রাত ও দিন কাটিয়েছি। ঘরে বৃষ্টির পানি চুঁয়ে পড়ে ভিজে যেতো সব কিছু। রাত জেগে বসে থাকতাম। ঝড়ের মাঝেও জীবনের ঝুঁকি নিয়ে বসে কাটিয়েছি রাত। এখন আর সেটা হবেনা। পাল্টে যাবে আমার জীবনের চালচিত্র।” এভাবেই প্রতিক্রিয়া জানালেন পুলিশের কাছ থেকে ঘর পাওয়া গৃহহীন সখিনা খাতুন (৫০)।

মুজিববর্ষ উপলক্ষে গাংনী উপজেলার সানঘাট গ্রামের সলিম উদ্দীনের স্ত্রী অসহায় সখিনা পেলেন বাংলাদেশ পুলিশের দেয়া দৃষ্টিনন্দন বাড়ি ও জমি।

নিজের ঘর বাড়ি না থাকায় এক সময় স্থানীয় মেম্বর মজিরুদ্দীনের বাড়িতে থাকতাম। আমার স্বামী সলিম উদ্দীন লোকের জমিতে জনপাট খেটে খায়। দুই মেয়ে নিয়ে অভাব অনটন নিয়ে চলে আমার সংসার। এসময় তিনি পুলিশের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে পুলিশ বাহিনীর জন্য প্রাণ খুলে দোয়া করেন।

আজ রবিবার দুপুর ১২ টার সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জুম অনলাইনের মাধ্যমে নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক সার্ভিস ডেস্ক স্থাপন উদ্বোধন ঘোষণা করেন ও ভারপ্রাপ্ত কর্মকর্তার মাধ্যম গৃহহীনদের জন্য নির্মিত গৃহ হস্তান্তর করেন।

সারাদেশের ন্যায় গাংনী থানাতেও হেল্পডেস্ক ও গৃহহীনদের জন্য নির্মিত গৃহ হস্তান্তর করা হয়। গাংনী থানা কমপ্লেক্সে স্থাপিত শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক সার্ভিস ডেস্ক স্থাপন উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আব্দুর রাজ্জাক, তদন্ত অফিসার মনোজিৎ কুমার নন্দী, সেকেন্ড অফিসার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, ও পুলিশ অফিসারবৃন্দ উপস্থিত ছিলেন। থানাতে নারী ও শিশু নির্যাতন ডেস্ক সার্ভিসের জুমের মাধ্যেম শুভ উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

উল্লেখ্য, মুজিববর্ষ উপলক্ষে বাংলাদেশের ৫১৯ টি থানায় ৫২০ টি বাড়ি প্রদান করেন।

মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুন্নু, সাধারণ

সম্পাদক মোমিন

মেহেরপুর সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি হিসেবে বোরহান উদ্দিন চুন্নু ও সাধারণ সম্পাদক হিসেবে মোমিনুল ইসলাম মোমিনকে ঘোষনা করেছে কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক।

শনিবার রাত সাড়ে ১১ টার দিকে মেহেরপুর কমিউনিটি সেন্টারে সম্মেলনের ২য় অধিবেশন শেষে এ ঘোষনা দেন। সভাপতি হিসেবে গোলাম রসুল ও বোরহান উদ্দিন চুন্নু এবং সাংধারণ সম্পাদক পদে শহিদুল ইসলাম পেরেশান ও মোমিনুল ইসলাম মোমিন পদ প্রত্যাশা করেন।

নতুন সভাপতি বোরহান উদ্দিন চুন্নু এর আগে সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি সদর উপজেলার আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। সাধারণ সম্পাদ মোমিনুল ইসলাম মোমিন বারাদি সাংগঠনিক ইউনিটের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তিনি সদর উপজেলার ভাইস চেয়ারম্যান।

গাংনীতে বীর মুক্তিযোদ্ধাদের সম্মানে ইফতার মাহফিল

জাতীর শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের পরিবারবর্গের আয়োজনে ইফতার ও দোয়ার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।
শনিবার গাংনী উপজেলা অফিসার্স ক্লাব মিলনায়নে ইফতার ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিলে গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদেন সাবেক ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আমিরুল ইসলাম এর সভাপতিত্বে ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্য ও গাংনী উপজেলা আওয়ামী লীগের সভাপতি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, বীর মুক্তিযোদ্ধা

মোজাম্মেল হক, নজরুল ইসলাম, হিসাব উদ্দীন, আব্দুল হান্নান, আব্দুল বাকী প্রমুখ।।

গাংনী পৌর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক রাহিবুল ইসলামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতুসহ রাজনৈতিক নেতৃবৃন্দ। এসময় মুক্তিযোদ্ধারা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে স্কাউটস দিবস পালিত

বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষ্যে মেহেরপুর জেলা রোভার বিভিন্নভাবে দিনটি পালন করেছে।

শনিবার সকালে মেহেরপুর সরকারী মহিলা কলেজে পতাকা উত্তোলনের মধ্যে দিবসের কার্যক্রম শুরু হয়। পতাকা উত্তোলন ও সালাম প্রদর্শনের পর একটি র্যালী মেহেরপুর সরকারি মহিলা কলেজ থেকে শুরু হয়ে মেহেরপুর প্রেক্লাবের সামনে গিয়ে শেষ হয়। এরপর পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করা হয়।

এক সংক্ষিপ্ত আলোচনা সভায় মেহেরপুর জেলা রোভারের সহ-সভাপতি প্রফেসর নুরুল আহমেদ এর সভাপতিত্বে এবং জেলা রোভারের সম্পাদক ফররুখ আহমদ উজ্জল এর সঞ্চালনের অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম ।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা রোভারের কোষাধ্যক্ষ এস এম রফিকুল আলম বকুল, সহকারী কমিশনার ওয়াজেদুল হক সহ জেলা রোভারের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিট লিডার ও রোভার সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে প্রফেসর রফিকুল ইসলাম রোভার দিবসের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরেন। মহামারী করোনার সময় ও দেশের বিভিন্ন দুর্যোগে রোভারদের ভুমিকার ভুয়শী প্রসংশা করেন তিনি।

যে কোন দুর্যোগ ও দেশের প্রয়োজনে রোভারদের পস্তত থাকতে তিনি আহবান জানান। এছাড়া তিবি মেহেরপুর জেলা রোভারের বিভিন্ন কার্যক্রম তুলে ধরেন।